গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

স্মারক নং-৩৭.০২.০০০০.১১৭.৩২.০০২.১৭-৬৪/৬ তারিখ : ১৭/০১/২০১৯ খ্রিস্টাব্দ

বিষয় : বৃত্তি নিয়মিতকরণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, প্রতিষ্ঠান পরিবর্তন/বিষয় পরিবর্তন/বিলম্বিত ভর্তির কারণে ০১ (এক) বছর পাঠ গ্রহণে বিরতি থাকায় নিম্নলিখিত শিক্ষার্থীদের এইচএসসি/আলিম পরীক্ষার ফলাফলের ভিত্তিতে প্রাপ্ত বৃত্তি নিয়মিতকরণের বিষয়টি মন্তব্য কলামে বর্ণিত কাগজপত্র/তথ্যাদি প্রেরিত আবেদনের সাথে সংযুক্ত না থাকায় বিবেচনা করা সম্ভব হচ্ছে না। বিধায় মন্তব্য কলামে বর্ণিত চাহিত কাগজপত্র/তথ্যাদি জরুরি ভিত্তিতে প্রেরনের জন্য নিদের্শক্রমে অনুরোধ করা হলো।

ক্র:	প্রতিষ্ঠানের নাম	শিক্ষার্থীর নাম/শিক্ষাবর্ষ/বিষয়/রোল	বৃত্তির ধরণ	নিয়মিতকরণের ফলে বৃত্তির সংশোধিত মেয়াদকাল	বৃত্তি অনিয়মিতর কারণ	মন্তব্য
১.	শহীদ এম. মনসুর আলী মেডিকেল কলেজ, সিরাজগঞ্জ	মনিষা রানী রায় বিষয় : এম.বি.বি.এস রোল : - শিক্ষাবর্ষ : ২০১৬-১৭	উমা/১৫	২০১৬-২০২১	-	দাখিলকৃত আবেদনের সাথে নির্ধারিত তথ্য ফরম ও তথ্য ফরমে উল্লেখিত প্রয়োজনীয় তথ্যাদি সংযুক্ত না থাকায় বিগত ২৪/০৫/২০১৫ তারিখে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশিত (www.dshe.gov.bd>সাধারণ বিজ্ঞপ্তি>আদেশ) বৃত্তি নিয়মিতকরণের নির্ধারিত তথ্য ফরম সংগ্রহ পূর্বক যথাযথভাবে পূরণ করে তথ্য ফরমে উল্লেখিত প্রয়োজনীয় কাগজপত্র/তথ্যাদিসহ আবেদন প্রয়োজন।
২.	রাজশাহী বিশ্ববিদ্যালয়, রাজশাহী	মো: নওশাদ হোসাইন সোহান সহ ২৫জন	-	-	-	ক) দাখিলকৃত আবেদনের সাথে বৃত্তি নিয়মিতকরণের তথ্য ফরম যথাযথ পূরণ নেই ও অস্পষ্ট, রেজিস্ট্রার অগ্রায়নপত্র নেই ও নামযুক্ত সীল নেই, স্থানীয় হিসাব রক্ষণ অফিসের নন-ড্রয়াল সনদ নেই, চালানের কপি সহ রেজিস্ট্রার এর মাধ্যমে আবেদন প্রয়োজন। খ) চলমান শিক্ষাবর্ষ অনুয়ায়ী, বৃত্তি নিয়মিতকরনের জন্য, বৃত্তির অর্থ উত্তোলনের মেয়াদের পরিবর্তন হয়, বিধায় পূর্বে উত্তোলিত বৃত্তির অর্থ ট্রেজারি চালানের মাধ্যমে সরকারি কোষাগারে ফেরত প্রদান করতে হবে ও পূর্বের অর্থ প্রদানকারী প্রতিষ্ঠান অর্থাৎ স্থানীয় হিসাব রক্ষণ অফিস কর্তৃক নন-ড্রয়াল সনদ আবেদনের সাথে সংযুক্ত করতে হবে (প্রযোজ্য ক্ষেত্রে)। গ) অধিদপ্তরে নিয়মিতকরণের আবেদন প্রেরণের সময় ০৬ (ছয়) মাস অতিক্রান্ত হলে উক্ত সময়ের জন্য বর্তমানে অধ্যয়নরত প্রতিষ্ঠানের স্থানীয় হিসাব রক্ষণ অফিস কর্তৃক প্রদত্ত বৃত্তি অর্থ উত্তোলন করে নি মর্মে নন-ড্রয়াল সনদ আবেদনের সাথে সংযুক্ত করতে হবে। ঘ) কি কারণে অধ্যয়ন বিরতি ছিল তার বিবরণসহ বর্তমানে অধ্যয়নরত শিক্ষাবর্ষের বৃত্তির অর্থ স্থানীয় হিসাব রক্ষণ অফিস হতে উত্তোলন করা হয় নি মর্মে প্রতিষ্ঠান প্রধানের প্রত্যয়নপত্র আবেদনের সাথে সংযুক্ত করতে হবে। ঙ) প্রতিষ্ঠানের অগ্রায়নপত্রে (১) শিক্ষার্থীর নাম, (২) শিক্ষার্থীর অধ্যয়ন বিরতির কারন, (৩) অধ্যয়ন বিরতির শিক্ষাবর্ষের সন, (৪) বর্তমানে অধ্যয়নরত শিক্ষাবর্ষ, (৫) যে স্তরের পরীক্ষার ফলাফলের ভিত্তিতে প্রাপ্ত বৃত্তি ও পরীক্ষার সন, (৬) নিয়মিতকরনের ফলে বৃত্তির নতুন মেয়াদের সন, (৭) পূর্বে অধ্যয়নকৃত প্রতিষ্ঠান হতে বৃত্তির অর্থ উত্তোলন করা হয়েছে কি না? (প্রতিষ্ঠান প্রধানের প্রত্যয়নপত্র ও স্থানীয় হিসাব রক্ষণ অফিসের নন-ড্রয়াল সনদ আবেদনের সাথে সংযুক্ত করতে হবে, প্রযোজ্য ক্ষেত্রে) (৮) বর্তমানে অধ্যয়নরত প্রতিষ্ঠান হতে বৃত্তির অর্থ উত্তোলন করা হয়েছে কি না? (প্রতিষ্ঠান প্রধানের প্রত্যয়নপত্র ও স্থানীয় হিসাব রক্ষণ অফিসের নন-ড্রয়াল সনদ আবেদনের সাথে সংযুক্ত করতে হবে) (৯) অর্থ উত্তোলন করা হলে তা ট্রেজারী চালানের মাধ্যমে সরকারি কোষাগারে ফেরত প্রদান করা হয়েছে কি না? ইত্যাদি বিষয় উল্লেখ পূর্বক প্রত্যেক শিক্ষার্থীর জন্য পৃথক পৃথক সংশোধিত অগ্রায়নপত্র ও প্রমানক তথ্যাদিসহ প্রত্যেক শিক্ষার্থীর জন্য পৃথক পৃথক আবেদনের সেট করতে হবে। চ) তামাদি বৃত্তি মঞ্জুরির ক্ষেত্রে, অধ্যয়ন বিরতি হলে অধিদপ্তর কর্তৃক বৃত্তি নিয়মিতকরনের আদেশের কপিসহ আবেদন করতে হবে। ছ) এবং বিগত ২৯/১০/২০১৮ তারিখে ওয়েবসাইটে প্রকাশিত বৃত্তি নিয়মিতকরনের আদেশের নমুনা খসড়া ছক অনুযায়ী শিক্ষার্থীদের তথ্যসমূহ হার্ড কপি এবং প্যান ড্রাইভে প্রয়োজন।
৩.	চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম	নুসরাত জাহান বিষয় : ডেভেলপমেন্ট স্টাডিজ রোল : ১৮৪০৮০২১ শিক্ষাবর্ষ : ২০১৭-১৮	উমা/১৭	-	-	ক. অধ্যয়ন বিরতি না থাকায় বৃত্তি নিয়মিতকরণের প্রয়োজন নেই। খ. মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের (www.dshe.gov.bd>সাধারণ বিজ্ঞপ্তি>আদেশ) ওয়েব সাইটে গত ২১/০৬/২০১৬ তারিখের ৩৭.০২.০০০০.১১৭.৩৪.০১০.১২-৩৭৯(০৯) নং স্মারক পত্র মোতাবেক বকেয়া/তামাদিকৃত মেধাবৃত্তির বিল মঞ্জুরির আবেদন সংক্রান্ত তথ্য ফরম (ফরম-২) প্রকাশ করা হয়েছে। উক্ত তথ্য ফরম যথাযথ পূরণ করে তথ্য ফরমে নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় কাগজপত্র/তথ্যাদিসহ রেজিস্ট্রারের মাধ্যমে আবেদন প্রয়োজন।

পত্রটি মাউশির ওয়েব সাইটে **(www.dshe.gov.bd>সাধারণ বিজ্ঞপ্তি>আদেশ)** প্রকাশ করা হয়েছে।

(প্রফেসর খুরশীদ আলম)
উপ-পরিচালক
এক্সেস এন্ড কোয়ালিটি এশুরেন্স ইউনিট
পরিকল্পনা ও উন্নয়ন উইং
ফোন: ৯৫৭৩৮৪২

প্রাপক:
রেজিস্ট্রার/অধ্যক্ষ
....।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা
০২. বিভাগীয় হিসাব রক্ষণ কর্মকর্তা/জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা..
০৩. সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস-সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
"বৃত্তি নিয়মিতকরণের লক্ষ্যে জরুরি ভিত্তিতে প্রয়োজনীয় কাগজপত্র/তথ্যাদি প্রেরণ প্রসঙ্গে" শিরোনামে পত্রটি মাউশি'র ওয়েব সাইটে **(www.dshe.gov.bd>সাধারণ বিজ্ঞপ্তি>আদেশ)** -এ প্রকাশের অনুরোধসহ
০৪. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
০৫. সংরক্ষণ নথি